

জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার , ঢাকা , বাংলাদেশ ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২ ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সমাজবিজ্ঞান, জীববিজ্ঞান এবং কলা ও মানবিকী অনুষদের বার্ষিক গবেষণা প্রকল্পের সেমিনার অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান, জীববিজ্ঞান এবং কলা ও মানবিকী অনুষদে বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্পের সারসংক্ষেপ উপস্থাপন বিষয়ক সেমিনার পৃথক পৃথকভাবে অনুষ্ঠিত হয়েছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক প্রধান অতিথি হিসেবে সেমিনার উদ্বোধন করেন। রবিবার সকাল সাড়ে নয়টায় সমাজবিজ্ঞান অনুষদে গবেষণা প্রকল্পের সারসংক্ষেপ উপস্থাপনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

সমাজবিজ্ঞান অনুষদের সেমিনার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক বলেন, গবেষণা কঠিন কাজ তবে ভালো মানের গবেষণার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা নতুন চিন্তা ও ভালো ফলাফল বের করে আনছেন। এর মাধ্যমে শিক্ষকরা ভবিষ্যৎ চিন্তা নির্মাণ, জ্ঞান তৈরী এবং অগ্রগতির জন্য কাজ করছেন।

বিশেষ অতিথির বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার বলেন, গবেষণার জন্য ইউজিসিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক বরাদ্দ রয়েছে। এসব জায়গায় তিনি গবেষণা প্রস্তাবনা জমা দেওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। এছাড়া তিনি পারস্পরিক সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম এগিয়ে নেওয়া ও ভালো মানের গবেষণার করার জন্য শিক্ষকদের অনুরোধ করেন।

সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. নুহু আলম এবং কলা ও মানবিকী অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মোজাম্মেল হক নিজ নিজ অনুষদের সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সমাজবিজ্ঞান অনুষদে ৮৫ টি, জীববিজ্ঞান অনুষদে ৯৭টি এবং কলা ও মানবিকী অনুষদে ১০৪টি গবেষণা সারসংক্ষেপ উপস্থাপন করা হয়।

dama

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি পরিচালক (ভারপ্রাপ্ত)

Press Release

Jahangirnagar University

Social sciences, Biological Sciences, and Arts and Humanities Faculty Conducted Annual Research Project Seminar

Jahangirnagar University, 29 May 2024.

The annual Research Project seminar was conducted separately by the Social Sciences, Biological Sciences, and Arts and Humanities Faculty of Jahangirnagar University. Pro-VC (Admin) Prof. Sheikh Md. Monzurul Huq inaugurated the seminar as the chief guest. The program began with the presentation of the abstract of the research project at the Faculty of Social Sciences at 9:30 am on Sunday.

During the inauguration of the seminar for the Faculty of Social Sciences, Pro-VC (Admin) Prof. Sheikh Md. Monzurul Huq expressed that while research is a challenging task, the university's teachers are generating new ideas and achieving positive results through high-quality research. This, in turn, contributes to the development of forward-thinking, knowledge creation, and progress.

Treasurer Prof. Dr. Rasheda Akhtar was present at the seminar as a special guest. The opening ceremony of the seminar for each faculty was presided over by the respective deans: Prof. Bashir Ahmed for the Faculty of Social Sciences, Prof. Dr. Md. Nuhu Alam for the Faculty of Biological Sciences, and Prof. Dr. Md. Mozammel Hoque for the Faculty of Arts & Humanities. Notably, in the fiscal year 2023-24, 85 research abstracts were presented in the Faculty of Social Sciences, 97 in the Faculty of Biological Sciences, and 104 in the Faculty of Arts and Humanities.

Lamore

Mohammad Mahiuddin, PhD Director (Acting) Public Relations Office